



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”  
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড  
আবাসিক প্রকৌশলী’র দপ্তর  
রামু বিদ্যুৎ সরবরাহ, রামু, কক্সবাজার



### প্রতিশ্রুতি/ কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয়

- ১) নির্ধারিত ফরম সঠিকভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সহ আবেদন জমা দিন।
- ২) সংযোগ বিচ্ছিন্নের ঝামেলা এড়াতে নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করুন এবং সারচার্জ পরিশোধের ঝামেলা থেকে মুক্ত থাকুন।
- ৩) বিদ্যুৎ চুরি ও এর অবৈধ ব্যবহার থেকে নিজে বিরত থাকুন এবং অন্যকে নিবৃত্ত রাখুন। নিম্নলিখিত দণ্ড পরিহার করুন।

বিদ্যুৎ চুরির দণ্ডঃ

- ১) কোন ব্যক্তি বাসগৃহ বা কোন স্থানে ব্যবহারের উদ্দেশ্যে বিদ্যুৎ চুরি করলে অনধিক ৩ (তিন) বৎসরের কারাদণ্ড অথবা চুরিকৃত বিদ্যুৎ মূল্যের দ্বিগুণ অথবা ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। ( বিদ্যুৎ আইন ২০১৮ ধারা ৩২ উপধারা ১)
  - ২) কোন ব্যক্তি শিল্প ও বাণিজ্যিক ব্যবহারের উদ্দেশ্যে বিদ্যুৎ চুরি করলে অনধিক ৩ (তিন) বৎসরের কারাদণ্ড অথবা চুরিকৃত বিদ্যুৎ মূল্যের দ্বিগুণ অথবা ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন। ( বিদ্যুৎ আইন ২০১৮ ধারা ৩২ উপধারা ০২)
- ৪) ট্রান্সফরমার চুরি রোধে প্রয়োজনীয় তথ্য দিয়ে স্থানীয় বিদ্যুৎ অফিস ও আইন প্রয়োগকারী সংস্থাকে সহযোগিতা করুন।
  - ৫) সাক্ষ্য পিক-আওয়ারে বিদ্যুৎ ব্যবহারে সশ্রমী হোন।
  - ৬) মিটারের সুষ্ঠু রক্ষণাবেক্ষণ এবং সীল সমূহের নিরাপত্তা নিশ্চিত করুন।
  - ৭) সরকার ঘোষিত বিধিমালা অনুসরণ করুন।
  - ৮) সঠিক মাধ্যমে প্রয়োজনীয় সেবা মূল্য পরিশোধ করুন।
  - ৯) বিদ্যুৎ সাশ্রয় করুনঃ

সঠিক ভাবে বিদ্যুৎ ব্যবহারের কতিপয় উপায়ঃ

- ১) ব্যবহার শেষে আপনার বাড়ি ও অফিসের বৈদ্যুতিক যন্ত্রপাতির সুইচ বন্ধ করুন। একটি কমপিউটার যা ২৪ ঘন্টা চলে তা একটি বিদ্যুত সাশ্রমী ফ্রিজের চেয়ে বেশি শক্তি গ্রহন করে।
- ২) যদি কমপিউটার অন রাখতেই হয় সেক্ষেত্রে মনিটর বন্ধ রাখা উচিত কারণ মনিটর একাই সিস্টেমের ৫০% এর বেশি বিদ্যুত ব্যবহার করে।
- ৩) কমপিউটার, মনিটর এবং কপি মেশিন সমূহ ব্যবহার শেষে স্লিপ-মোডে রাখা উচিত, এতে প্রায় ৪০% বিদ্যুত সাশ্রম হইবে থাকে।
- ৪) ব্যাটারি চার্জার (যেমন- ল্যাপটপ, সেল ফোন এবং ডিজিটাল ক্যামেরা ইত্যাদির) সমূহ প্লাগ ইন করে রাখলে তারা শক্তি গ্রহন করতে থাকে সুতরাং চার্জার বৈদ্যুতিক পয়েন্ট থেকে খুলে রাখা উচিত।
- ৫) স্ক্রীন সেভার স্ক্রীন সেভ করে শক্তি নষ্ট। কাজ শেষে কমপিউটার বন্ধ করলে শক্তি সংরক্ষিত হয়। স্টার্ট আপ বা শাট ডাউন করতে কোন অতিরিক্ত শক্তি খরচ হয় না কিন্তু এর ফলে আপনার যন্ত্র ভাল থাকবে এবং শক্তি সংরক্ষন হবে।



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”  
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড  
আবাসিক প্রকৌশলী’র দপ্তর  
রামু বিদ্যুৎ সরবরাহ, রামু, কক্সবাজার



- ৬) আমাদের অন্যতম প্রধান শক্তি সাস্রযী যন্ত্র হলো সুইচ, ব্যবহার শেষে আপনার লাইট বন্ধ করুন।
- ৭) নোংরা টিউব লাইট এবং বাব্ব প্রায় ৫০% আলো শোষণ করে নেয়। আপনার টিউব লাইট এবং বাব্ব নিয়মিত পরিষ্কার করুন।
- ৮) ফ্লুরোসেন্ট টিউব লাইট এবং সিএফএল বাব্ব সাধারণ বাব্ব এর তুলনায় ৫গুন অধিক কার্যকর এবং প্রায় ৭০ ভাগ বিদ্যুত সাস্রয করে সমপরিমান আলো প্রদান করে।
- ৯) সাধারণ বাব্ব দারা গ্রহনকৃত শক্তির ৯০ভাগ তাপে পরিনত হয়, আলোতে পরিনত হবার পরিবর্তে।
- ১০) ১৫ ওয়াটের ফ্লুরোসেন্ট বাব্ব ৬০ ওয়াটের ইনক্যানডিসেন্ট বাব্ব এর সমপরিমান আলো প্রদান করে। ওয়াটার হিটারের তাপমাত্রা ৬০ থেকে ৫০ ডিগ্রী তে নামিয়ে ব্যবহৃত শক্তি এর ১৮ ভাগ সাস্রয করতে পারেন।
- ১১) তাপ শক্তির অপচয় কমাতে আপনার গরম পানির পাইপে ইনসুলেটর ব্যবহার করুন।
- ১২) পানি গরম করার জন্য ইলেক্ট্রিক কেটলি ব্যবহার করুন, ইলেক্ট্রিক কুক পট এর তুলনায় কেটলি ব্যবহার করা বিদ্যুত সাস্রযী
- ১৩) আপনার সকল কাপড় একসাথে আয়ন করুন। আয়ন করা কালীন ইস্ত্রিটি কে সুইচ অন অবস্থায় সোজা করে রাখলেও তা বিদ্যুত গ্রহন করতে থাকবে এবং বিদ্যুত অপচয় হবে।
- ১৪) ফ্রিজে গরম খাবার রাখবেন না।
- ১৫) ঘরের দেয়াল, ছাঁদ, পর্দা ও আসবাবপত্র সমূহে অধিক পরিমাণে সাদা রঙ এর ব্যবহার ঘর কে উজ্জ্বলতর করে। এতে অনেক ক্ষেত্রে বিদ্যুত সাস্রয হয়ে থাকে।
- ১৬) খাবারের পরিমাণ বেশি না হলে ফ্রিজ খুব নিম্ন তাপমাত্রায় রাখা প্রয়োজনীয় নয়।
- ১৭) দিনের বেলায় দরজা জানালা দিয়ে আগত প্রাকৃতিক আলো ব্যবহারের মাধ্যমে কৃত্রিম আলোর ব্যবহার কমানো সম্ভব।
- ১৮) যে সকল ফ্রীজ আটো ডিফ্রস্ট তারা অধিক পরিমাণ বিদ্যুত গ্রহন করে, উপরন্ত বড়ো ফ্রীজ বেশি বিদ্যুত ব্যবহার করে।

(এস.এম. মঈনুল ইসলাম)  
পরিচিতি নংঃ-১-০২৪৫৯  
আবাসিক প্রকৌশলী  
রামু বিদ্যুৎ সরবরাহ  
বিউবো, রামু, কক্সবাজার।